গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৩০.০৮.২৫৬

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯
০৬ ডিসেম্বর ২০২২

বিষয়: **অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ গত ২২.০৬.২০২২ তারিখ গেজেটে প্রকাশিত হয়েছে।

এক্ষণে, গেজেটে প্রকাশিত অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর গেজেট

৬-১২-২০২২
মোঃ রায়হানুল কবীর
পরিচালক
ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭
ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৩০.০৮.২৫৬/১(৫৪)

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯
০৬ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব , সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪) উপসচিব , অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)

৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত গেজেটটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৮) হিসাবরক্ষক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬-১২-২০২২
মোঃ রায়হানুল কবীর
পরিচালক

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুন ২২, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাদ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।**

**এস. আর. ও. নং ১৮৬ আইন/২০২২।**—Control of Essential Commodities Act,1956 (East Pakistan Act) (Act No. I of 1956) এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই আদেশ অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আদেশে—

(১) **‘অত্যাবশ্যকীয় খাদ্যশস্য’** অর্থ ধান, চাউল, গম ও আটা;

(২) **‘আইন’** অর্থ Control of Essential Commodities Act,1956 (East Pakistan Act) (Act No. I of 1956);

(৩) **‘গম পেষণ’** অর্থ শক্তিচালিত যন্ত্রপাতি দ্বারা যান্ত্রিক উপায়ে গমের ভৌতিক অবস্থা রূপান্তর করিয়া আটা প্রস্তুত করিবার প্রক্রিয়া;



মূল্য : টাকা ৩০.০০

(৪) **'গম পেষণ কল'** অর্থ শক্তিচালিত যন্ত্রপাতি দ্বারা যান্ত্রিক উপায়ে গমের ভৌতিক অবস্থা রূপান্তর করিয়া আটা প্রস্তুত করিবার জন্য স্থাপিত মেজর, কম্প্যাক্ট বা রোলার মিল;

(৫) **'চাউল কল'** অর্থ শক্তিচালিত যন্ত্রপাতি দ্বারা যান্ত্রিক উপায়ে চাউল ছাঁটাই বা পেষণের জন্য স্থাপিত অটোমেটিক, মেজর বা সেমি অটো মিল এবং হাস্কিং মিলও উহার অন্তর্ভুক্ত হইবে;

(৬) **'তফসিল'** অর্থ এই আদেশের তফসিল;

(৭) **'ধান ছাঁটাই'** অর্থ যান্ত্রিক উপায়ে ধান হইতে খোসা অপসারণ এবং খোসা অপসারিত চাউল মসৃণকরণের যে কোনো প্রক্রিয়া;

(৮) **'লাইসেন্স'** অর্থ অনুচ্ছেদ ৪ এর অধীন প্রদত্ত লাইসেন্স;

(৯) **'সরকার'** অর্থ খাদ্য মন্ত্রণালয় বা, ক্ষেত্রমত, খাদ্য অধিদপ্তর বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা।

৩। **ধান ছাঁটাই, গম পেষণ ও অত্যাবশ্যকীয় খাদ্যশস্যের ব্যবসা পরিচালনার ক্ষেত্রে বিধি নিষেধ।**—সরকারের নিকট হইতে লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অত্যাবশ্যকীয় খাদ্য শস্য ছাঁটাই বা পেষণের চাউল কল বা গম পেষণ কল স্থাপন ও পরিচালনা এবং ১ মেট্রিক টনের অধিক ধান, চাউল, গম ও আটা মজুত রাখিয়া ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত ব্যবসা পরিচালনা করিতে পারিবে না।

৪। **লাইসেন্সের আবেদন, লাইসেন্স প্রদান ও নবায়ন।**—(১) কোনো ব্যক্তিকে এই আদেশের অধীন চাউল কল (অটোমেটিক, মেজর, সেমি অটো মিল) এর লাইসেন্সের জন্য তফসিল-১, চাউল কল (হাস্কিং) এর লাইসেন্সের জন্য তফসিল-২, গম পেষণ কল (মেজর, কম্প্যাক্ট, রোলার) এর লাইসেন্সের জন্য তফসিল-৩ এবং অত্যাবশ্যকীয় খাদ্যশস্য ক্রয়-বিক্রয় ও গুদামজাতকরণের জন্য তফসিল-৪ এ প্রদত্ত ফরম অনুযায়ী সরকারের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর তথ্য যাচাইপূর্বক যথাযথ বলিয়া বিবেচিত হইলে সরকার অবেদনকারীকে চাউল কলের (অটোমেটিক, মেজর, সেমি অটো মিল) জন্য তফসিল-৫, চাউল কলের (হাস্কিং) জন্য তফসিল-৬, গম পেষণ কলের (মেজর, কম্পেক্ট, রোলার) জন্য তফসিল-৭ এবং অত্যাবশ্যকীয় খাদ্যশস্য ক্রয়-বিক্রয় ও গুদামজাতকরণের জন্য তফসিল-৮ এর ফরম অনুযায়ী লাইসেন্স প্রদান করিতে পারিবে।

(৩) এই অনুচ্ছেদের অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো চালকল মালিক তফসিল ৯(ক), ব্যবসায়ী তফসিল ৯(খ) ও গম পেষণ কল মালিক ৯(গ) এ প্রদত্ত ফরম অনুযায়ী তাহার ধান, চাউল, গম ও আটা সংগ্রহ, মজুত, ক্রয়-বিক্রয়, ছাঁটাই এবং বিতরণ সম্পর্কে প্রতি ১৫ (পনেরো) দিন অন্তর সরকারের নিকট লিখিত, অনলাইন অথবা সরকার কর্তৃক নির্ধারিত কোনো ডিজিটাল পদ্ধতিতে পাক্ষিক রিটার্ণ দাখিল করিবেন।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন দাখিলকৃত রিটার্ণে কোনো মিথ্যা তথ্য প্রদান করিলে তথ্য প্রদানকারী বা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যিনি বা যাহারা উক্তরূপ তথ্য প্রদানের জন্য দায়ী তিনি বা তাহারা আইনের ধারা ৯ এর অধীন দন্ডিত হইবেন।

(৫) সরকার, এই আদেশের অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ নির্ধারণ এবং ফি আদায় সাপেক্ষে লাইসেন্স নবায়ন করিতে পারিবে।

(৬) সরকার, গেজেট প্রজ্ঞাপন দ্বারা, লাইসেন্স প্রদান, নবায়ন বা এতদ্‌সংক্রান্ত অন্য কোনো ফি নির্ধারণ করিতে পারিবে।

(৭) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন প্রদত্ত লাইসেন্স বিবর্ণ, হারাইয়া বা নষ্ট হইয়া গেলে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির আবেদনক্রমে, সরকার মূল লাইসেন্সের ডুপ্লিকেট কপি ইস্যু করিতে পারিবে।

(৮) এই আদেশের অধীন প্রদত্ত লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আবেদন করিতে হইবে।

৫। **ব্যবসা পরিবর্তন সংক্রান্ত বিধানাবলি**।—(১) এই আদেশের অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান চাউল কল, গম পেষণ কল, ব্যবসা এর মালিকানা হস্তান্তর, ব্যবসার ধরন পরিবর্তন, চাউল কল বন্ধ বা লাইসেন্স প্রত্যর্পণ করিতে চাহিলে তাহাকে সরকারের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন সরকারের পূর্বানুমতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে সরকারের নিকট আবেদন করিতে হইবে।

(৩) সরকার উপ-অনুচ্ছেদ (১) এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনা করিয়া সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীর আবেদন মঞ্জুর বা নামঞ্জুর করিতে পারিবে।

৬। **অত্যাবশ্যকীয় খাদ্যশস্য ক্রয়-বিক্রয় ও বিতরণ সংক্রান্ত বিধান**।—এই আদেশের অধীন লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি বা প্রতিষ্ঠান ধান ছাঁটাই, গম পেষণ ও অত্যাবশ্যকীয় খাদ্যশস্য ক্রয়-বিক্রয় ও বিতরণ সম্পর্কিত বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা অনুসরণ করিতে বাধ্য থাকিবে।

৭। **ধান, চাউল, গম ও আটা ক্রয় চুক্তি ও সরবরাহ সংক্রান্ত বিধান**।—(১) অন্য কোনো আদেশে যাহা কিছুই থাকুক না কেন, সরকার চাউল কল ও গম পেষণ কলের জন্য লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আদেশ দ্বারা তাহার চাউল বা গম পেষণ কল হইতে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ও পরিমাণে ছাঁটাইকৃত চাউল বা আটা সরবরাহ করিবার আদেশ প্রদান করিতে পারিবে এবং আদেশপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান সরকারের সহিত চুক্তি স্বাক্ষর এবং তদনুযায়ী চাউল ও আটা সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) অনুযায়ী আদেশপ্রাপ্ত হইয়া চুক্তি স্বাক্ষর না করিলে বা চুক্তি স্বাক্ষর করিয়া চাউল বা আটা সরবরাহ না করিলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল এবং তিনি বা তাঁহারা আইনের ধারা ৬ এর অধীন দণ্ডিত হইবেন।

৮। **লাইসেন্স বাতিল**।—(১) সরকার, এই আদেশের অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তির লাইসেন্স বাতিল করিতে পারিবে, যদি তিনি—

(ক) লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন;

(খ) আইন বা আদেশের কোনো বিধান লঙ্ঘন করেন;

(গ) অনুচ্ছেদ ৬ এর অধীন প্রদত্ত নির্দেশনা অনুসরণ না করেন; বা

(ঘ) আইনের অধীন দণ্ডপ্রাপ্ত হইয়া থাকেন।

(২) এই অনুচ্ছেদের অধীন লাইসেন্স বাতিল করিবার পূর্বে অভিযুক্ত ব্যক্তিকে ১৫ (পনেরো) দিনের মধ্যে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগের কারণ দর্শাইবার নোটিশ প্রদান করিতে হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন প্রদত্ত কোনো আদেশ দ্বারা কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি উক্তরূপ আদেশ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে সরকারের নিকট পুনর্বিবেচনার জন্য আবেদন দায়ের করিতে পারিবেন।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন পুনর্বিবেচনার জন্য দায়েরকৃত আবেদন বিবেচনাক্রমে সরকার যথাশীঘ্র সম্ভব, উহা নিষ্পত্তি করিয়া আদেশ প্রদান করিবে এবং সরকারের উক্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯। **চাউল কল, গম পেষণ কল, খাদ্যশস্যের গুদাম ও ক্রয়-বিক্রয় কেন্দ্র ইত্যাদি পরিদর্শন।**—(১) সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যেকোনো কর্মকর্তা চাউল বা গম পেষণকল, খাদ্যশস্য ক্রয়-বিক্রয় কেন্দ্র ও গুদামে মজুত খাদ্যশস্য পরিদর্শন এবং মজুতকৃত খাদ্যশস্যের গুণগতমান পরীক্ষার উদ্দেশ্যে নমুনা সংগ্রহ করিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর বিধান অনুযায়ী পরিদর্শন ও নমুনা সংগ্রহের সময় লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি পরিদর্শনকারীকে সকল প্রকার তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবে।

১০। **তফসিল সংশোধন।**—সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা তফসিল-১ হইতে তফসিল-৮ এবং নির্বাহী আদেশ দ্বারা তফসিল-৯(ক), ৯(খ) এবং ৯(গ) সংশোধন করিতে পারিবে।

১১। **ক্ষমতা অর্পণ।**—সরকার সাধারণ আদেশ দ্বারা এই আদেশের কোনো ক্ষমতা উহার কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

১২। **সরল বিশ্বাসে কৃতকার্য রক্ষণ।**—এই আদেশের অধীন দায়িত্ব পালনকালে সরল বিশ্বাসে কৃত কোনো কার্যের ফলে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে, তজ্জন্য সরকারের বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোনো আইনগত কার্যধারা গ্রহণ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, সরকারের কোনো কর্মচারীর ইচ্ছাকৃত অবহেলার দ্বারা সৃষ্ট কোনো ক্ষতির ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধান প্রযোজ্য হইবে না।

১৩। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই আদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে চাউল সংগ্রহ ও নিয়ন্ত্রণ আদেশ, ২০০৮, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত আদেশের অধীন-

(ক) কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা প্রদত্ত লাইসেন্স এই আদেশের অধীন কৃত, গৃহীত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) অনিষ্পন্ন বা চলমান প্রশাসনিক কার্যধারা এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত আদেশ রহিত হয় নাই;

(গ) দায়েরকৃত মামলা বা কার্যধারা এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত আদেশ রহিত হয় নাই।

| ছবি |
|---|
| |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাদ্য মন্ত্রণালয়**

**তফসিল-১**

**(অনুচ্ছেদ ৪(১) দ্রষ্টব্য)**

**চাউল কলের (অটোমেটিক/মেজর/সেমি অটো মিল) লাইসেন্সের জন্য আবেদন ফরম**

১। আবেদনকারীর নাম ও ঠিকানা :

২। (ক) মিলের নাম :

(খ) জমির পরিমাণ:

অবস্থান : মৌজা :………………খতিয়ান :………… দাগ নং :…………

(গ) ঠিকানা : উপজেলা :………………………জেলা :………………………

৩। অটোমেটিক মিলের বিবরণ (নিম্নোক্ত ছক অনুসারে) :

| যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | একক ক্ষমতা |
|---|---|---|
| প্রিলি ক্লিনার | | |
| প্যাডি ক্লিনার | | |
| বয়লার | | |
| ড্রায়ার | | |
| পেডি হাস্কার | | |
| পেডি সেপারেটর | | |
| রোটারি শিফটার | | |
| লেন্থ গ্রেডার | | |
| কালার সার্টার | | |
| ডিস্টোনার | | |
| থিকনেস গ্রেডার | | |
| হোয়াইটনার | | |
| সিল্কি পলিশার | | |

৪। গুদামের অবস্থান, ঠিকানা ও বিবরণ :

| ক্রম | অবস্থান | | | ঠিকানা | বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ নং গুদাম | মৌজা | খতিয়ান | দাগ | জেলা ও উপজেলা | দৈর্ঘ্য | প্রস্থ | উচ্চতা | ধারণ ক্ষমতা |
| ২ নং গুদাম | | | | | | | | |
| | | | | | | | | মোট |

৫। মিলের জমির মালিকানার ধরণ : (মালিকানা সংক্রান্ত প্রয়োজনীয় দলিলপত্রাদি সংযুক্ত করিতে হইবে)

৬। বিদ্যুৎ বিভাগের সংযোজন/ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ : (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৭। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ: (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৮। বিএসটিআই এর ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ: (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৯। ট্রেড লাইসেন্স নম্বর: (হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

১০। টিআইএন নম্বর: (কর পরিশোধের হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

১১। ফায়ার লাইসেন্স নম্বর:

## ঘোষণা

এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি/আমরা এই আবেদনে উল্লিখিত চাউল কলের মালিক। আমি/আমরা অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং তফসিল ৫ এ বর্ণিত চাউল কল লাইসেন্সের শর্তাদি পাঠ করিয়াছি এবং উহার সকল শর্তাবলি মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি। প্রদত্ত সকল তথ্য সত্য ও নির্ভুল।

**তারিখ :** **আবেদনকারী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ প্রতিষ্ঠানের পক্ষে (যথাযথ কর্তৃপক্ষের নাম ও স্বাক্ষর):**

| ছবি |
|---|
| |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাদ্য মন্ত্রণালয়**

**তফসিল -২**

**(অনুচ্ছেদ ৪(১) দ্রষ্টব্য)**

**চাউল কলের (হাস্কিং মিল) লাইসেন্সের জন্য আবেদন ফরম**

১। আবেদনকারীর নাম ও ঠিকানা :

২। (ক) মিলের নাম :

(খ) জমির পরিমাণ:

অবস্থান : মৌজা :……………………খতিয়ান :………………… দাগ নং :………………

(গ) ঠিকানা : উপজেলা :………………………জেলা :…………………………

৩। হাস্কিং মিলের বিবরণ :

| নাম | সংখ্যা | একক ক্ষমতা |
|---|---|---|
| চিমনির উচ্চতা | | |
| রাবার শেলার/রাবার রোলার/এঞ্জোলবার্গ | | |
| চাতালের পরিমাপ | | |
| চাতালের ধারণ ক্ষমতা | | |
| মোটর সংখ্যা ও ক্ষমতা | | |

৪। গুদামের অবস্থান, ঠিকানা ও বিবরণ :

| ক্রম | অবস্থান | | | ঠিকানা | বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ নং গুদাম | মৌজা | খতিয়ান | দাগ | জেলা ও উপজেলা | দৈর্ঘ্য | প্রস্থ | উচ্চতা | ধারণ ক্ষমতা |
| ২ নং গুদাম | | | | | | | | |
| | | | | | | | | মোট |

৫। মিলের জমির মালিকানার ধরণ : (মালিকানা সংক্রান্ত প্রয়োজনীয় দলিলপত্রাদি সংযুক্ত করিতে হইবে)

৬। বিদ্যুৎ বিভাগের সংযোজন/ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ : (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৭। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ : (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৮। বিএসটিআই এর ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ : (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৯। ট্রেড লাইসেন্স নম্বর : (হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

১০। টিআইএন নম্বর : (কর পরিশোধের হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

১১। ফায়ার লাইসেন্স নম্বর :

## ঘোষণা

এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি/আমরা এই আবেদনে উল্লিখিত চাউল কলের মালিক। আমি/আমরা অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং তফসিল ৬ এ বর্ণিত চাউল কল লাইসেন্সের শর্তাদি পাঠ করিয়াছি এবং উহার সকল শর্তাবলি মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি। প্রদত্ত সকল তথ্য সত্য ও নির্ভুল।

তারিখ : **আবেদনকারী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ প্রতিষ্ঠানের পক্ষে (যথাযথ কর্তৃপক্ষের নাম ও স্বাক্ষর):**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাদ্য মন্ত্রণালয়**

**তফসিল-৩**

**(অনুচ্ছেদ ৪(১) দ্রষ্টব্য)**

**গম পেষণ কলের (মেজর/কম্প্যাক্ট/রোলার) লাইসেন্সের জন্য আবেদন ফরম**

১। আবেদনকারীর নাম ও ঠিকানা :

২। (ক) মিলের নাম :

(খ) জমির পরিমাণ:

অবস্থান : মৌজা :…………….খতিয়ান :………………. দাগ নং :………

(গ) ঠিকানা : উপজেলা :…………………..জেলা :……………………………..

৩। মিলের বিবরণ :

| যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | ক্যাপাসিটি | অশ্ব ক্ষমতা |
|---|---|---|---|
| রিসিভিং, ইনটেক ও প্রাইমারি ক্লিনিং সেকশন | | | |
| প্রিমিলিং রিক্লিনিং সেকশন | | | |
| মিলিং সেকশন | | | |
| প্যাকিং সেকশন | | | |
| অন্যান্য গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি (যদি থাকে) | | | |

৪। ০২ (দুই) কেজির প্যাকেট আটা করা স্ট্যান্ডার্ড ইউনিট আছে কি না :

৫। দৈনিক উৎপাদন ক্ষমতা :

৬। গুদামের অবস্থান, ঠিকানা ও বিবরণ :

| ক্রম | অবস্থান | | | ঠিকানা | বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ নং গুদাম | মৌজা | খতিয়ান | দাগ | জেলা ও উপজেলা | দৈর্ঘ্য | প্রস্থ | উচ্চতা | ধারণ ক্ষমতা |
| ২ নং গুদাম | | | | | | | | |
| | | | | | | | | মোট |

৭। বিদ্যুৎ বিভাগের সংযোজন/ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ: (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৮। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ: (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৯। বিএসটিআই এর ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ : (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

১০। ট্রেড লাইসেন্স নম্বর : (হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

১১। টিআইএন নম্বর : (কর পরিশোধের হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

১২। ফায়ার লাইসেন্স নম্বর: (হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

## ঘোষণা

এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি/আমরা এই আবেদনে উল্লিখিত গম পেষণ কলের মালিক। আমি/আমরা অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং তফসিল ৭ এ বর্ণিত গম পেষণ কল লাইসেন্সের শর্তাদি পাঠ করিয়াছি এবং উহার সকল শর্তাবলি মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি। প্রদত্ত সকল তথ্য সত্য ও নির্ভুল।

**তারিখ :** **আবেদনকারী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ প্রতিষ্ঠানের পক্ষে (যথাযথ কর্তৃপক্ষের নাম ও স্বাক্ষর):**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাদ্য মন্ত্রণালয়**

**তফসিল-৪**

**(অনুচ্ছেদ ৪(১) দ্রষ্টব্য)**

ছবি

**অত্যাবশ্যকীয় খাদ্যশস্য ক্রয়-বিক্রয় ও গুদামজাতকরণের লাইসেন্সের জন্য আবেদন ফরম**

১। আবেদনকারীর নাম ও ঠিকানা :

২। ব্যবসা প্রতিষ্ঠানের ধরণ: (চাউল কল/গম পেষণ কল/আমদানি/পাইকারি/খুচরা)

(ব্যবসা সংক্রান্ত দলিলাদি সংযুক্ত করতে হবে)

৩। (ক) মিলের নাম :

(খ) জমির পরিমাণ:

অবস্থান : মৌজা :... ..................খতিয়ান :... ............ দাগ নং :....................

(গ) ঠিকানা : উপজেলা :................জেলা :..........................

৪। গুদামের অবস্থান, ঠিকানা ও বিবরণ :

| ক্রম | অবস্থান | | | ঠিকানা | বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ নং গুদাম | মৌজা | খতিয়ান | দাগ | জেলা ও উপজেলা | দৈর্ঘ্য | প্রস্থ | উচ্চতা | ধারণ ক্ষমতা |
| ২ নং গুদাম | | | | | | | | |
| | | | | | | | | মোট |

৫। বিদ্যুৎ বিভাগের সংযোজন/ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ : (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৬। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ : (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৭। বিএসটিআই এর ছাড়পত্রের স্মারক নম্বর ও তারিখ : (ছাড়পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)

৮। ট্রেড লাইসেন্স নম্বর : (হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

৯। টিআইএন নম্বর : (কর পরিশোধের হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

১০। ফায়ার লাইসেন্স নম্বর : (হালনাগাদ কপি সংযুক্ত করিতে হইবে)

**ঘোষণা**

এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি/আমরা এই আবেদনে উল্লিখিত ........ মালিক। আমি/আমরা অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং তফসিল ৮ এ বর্ণিত লাইসেন্সের শর্তাদি পাঠ করিয়াছি এবং উহার সকল শর্তাবলি মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি। প্রদত্ত সকল তথ্য সত্য ও নির্ভুল।

**তারিখ :** **আবেদনকারী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ প্রতিষ্ঠানের পক্ষে (যথাযথ কর্তৃপক্ষের নাম ও স্বাক্ষর):**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খাদ্য মন্ত্রণালয়**
**তফসিল-৫**
**(অনুচ্ছেদ ৪ (২) দ্রষ্টব্য)**

ছবি

**চাউল কলের (অটোমেটিক/মেজর/ সেমি অটো মিল) লাইসেন্স ফরম**

লাইসেন্স নং :

তারিখ :

**অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর বিধানসমূহ এবং এই লাইসেন্সের শর্তাবলি সাপেক্ষে**

জনাব/মেসার্স :

পিতা/স্বত্বাধিকারীর নাম:

গ্রাম :

ডাকঘর :

থানা :

জেলা :

জাতীয় পরিচয়পত্র নম্বর/কোম্পানির নিবন্ধন নম্বর.................. কে এতদ্বারা চাউল কল স্থাপন ও পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করা হইল।

২। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নিম্নলিখিত স্থানে ধান ছাঁটাই ও ধান-চাউল সংরক্ষণ করিবেন।
মিলের ঠিকানা :

(ক) মিলের নাম :

(খ) জমির পরিমাণ:

অবস্থান : মৌজা :.................. খতিয়ান :..................... দাগ নং :....................

(গ) ঠিকানা : উপজেলা :.......................... জেলা :................................

গুদামের অবস্থান, ঠিকানা ও বিবরণ :

| ক্রম | অবস্থান | | | ঠিকানা | বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ নং গুদাম | মৌজা | খতিয়ান | দাগ | জেলা ও উপজেলা | দৈর্ঘ্য | প্রস্থ | উচ্চতা | ধারণ ক্ষমতা |
| ২ নং গুদাম | | | | | | | | |
| | | | | | | | | মোট |

**বি.দ্র.** যদি একই ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক একাধিক স্থানে অথবা একইস্থানে একাধিক ধান ছাঁটাই মিল স্থাপন করা হয়, তাহা হইলে এরূপ প্রত্যেকটি স্থাপনার জন্য পৃথক পৃথক লাইসেন্স গ্রহণ করিতে হইবে এবং ঐরূপ প্রত্যেকটি ধান ছাঁটাই মিলের পৃথক লাইসেন্সের অনুকূলে পৃথকভাবে রিটার্ন দাখিল করিতে হইবে। তবে একটি স্থানে ধান ছাঁটাই মিল স্থাপন করে একাধিক গুদামে খাদ্যশস্য সংরক্ষণ করিলে প্রতিটি গুদামের বিবরণসহ একটি পাক্ষিক রিটার্নে দাখিল করিতে হইবে। সেক্ষেত্রে একাধিক জেলায় গুদাম অবস্থিত হলে সংশ্লিষ্ট সকল জেলার কর্তৃপক্ষের নিকট পাক্ষিক রিটার্ন দাখিল করিতে হইবে।

৩। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রতিপক্ষকালের মধ্যে (প্রত্যেক মাসের ১ তারিখ হইতে ১৫ তারিখ এবং ১৬ তারিখ হইতে মাসের শেষ তারিখ পর্যন্ত) অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর আদেশের অনুচ্ছেদ ৪ (৩) অনুযায়ী সরকারের নিকট রিটার্ন (অনলাইন বা ম্যানুয়াল) দাখিল করিবেন।

৪। দাখিলকৃত কোনো প্রতিবেদনে লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান কোনো মিথ্যা তথ্য প্রদান করিলে তথ্য প্রদানকারী বা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা পরিচালনার জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি (যিনি উক্ত তথ্য প্রদানের জন্য দায়ী) আইনের ধারা ৯ এর অধীন দণ্ডিত হইবেন।

৫। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান চাউল ছাঁটাইকরণের বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল আদেশ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৬। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান তাহার হিসাব ও রেজিস্টার সংরক্ষণের বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশাবলী মানিয়া চলিবেন এবং সরকার বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

৭। সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি চাউল কল, গুদামের মজুত পরিদর্শন এবং মজুতকৃত খাদ্যপণ্যের গুণগতমান পরীক্ষার উদ্দেশ্যে নমুনা সংগ্রহে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি পরিদর্শনকারীকে সকল প্রকার তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবে।

৮। এই লাইসেন্স.................. তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে উক্তরূপ লাইসেন্স নবায়নের আবেদন করিতে হইবে।

৯। লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ১৯৫৬ সালের Control of Essential Commodities Act এর বিধান, অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর কোনো শর্ত পালনে ব্যর্থ বা অপারগ হইলে আদেশের ৮ অনুচ্ছেদ মোতাবেক লাইসেন্স বাতিল হইবে এবং আইন এর অধীন দণ্ডিত হইবেন।

**অটোমেটিক মিলের বিবরণ (নিম্নোক্ত ছক অনুসারে):**

| যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | একক ক্ষমতা |
|---|---|---|
| প্রিলি ক্লিনার | | |
| প্যাডি ক্লিনার | | |
| বয়লার | | |
| ড্রায়ার | | |
| পেডি হাস্কার | | |
| পেডি সেপারেটর | | |
| রোটারি শিফটার | | |
| লেন্থ গ্রেডার | | |
| কালার সার্টার | | |
| গুদামের অবস্থান ও ধারণ ক্ষমতা | | |
| ডিস্টোনার | | |
| থিকনেস গ্রেডার | | |
| হোয়াইটনার | | |
| সিল্কি পলিশার | | |

**সরকারের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার**

**(স্বাক্ষর ও সীল)**

## ঘোষণা

এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি/আমরা এই আবেদনে উল্লিখিত চাউল কলের মালিক। আমি/আমরা অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং তফসিল-৫ এ বর্ণিত চাউল কল লাইসেন্সের শর্তাদি পাঠ করিয়াছি এবং উহার সকল শর্তাবলি মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি। প্রদত্ত সকল তথ্য সত্য ও নির্ভুল।

**তারিখ :** **আবেদনকারী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ প্রতিষ্ঠানের পক্ষে (যথাযথ কর্তৃপক্ষের নাম ও স্বাক্ষর):**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাদ্য মন্ত্রণালয়**

**তফসিল-৬**

**(অনুচ্ছেদ ৪(২) দ্রষ্টব্য)**

**চাউল কলের (হাস্কিং মিল) লাইসেন্স ফরম**

লাইসেন্স নং :

তারিখ :

**অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর বিধানসমূহ এবং এই লাইসেন্সের শর্তাবলি সাপেক্ষে**

জনাব/মেসার্স :

পিতা/স্বত্বাধিকারীর নাম:

গ্রাম :

ডাকঘর :

থানা :

জেলা :

জাতীয় পরিচয়পত্র নম্বর/কোম্পানির নিবন্ধন নম্বর.....................কে এতদ্বারা চাউল কল স্থাপন ও পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করা হইল।

২। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নিম্নলিখিত স্থানে ধান ছাঁটাই ও ধান-চাউল সংরক্ষণ করিবেন।

মিলের ঠিকানা :

(ক) মিলের নাম :

(খ) জমির পরিমাণ:

অবস্থান : মৌজা :...............খতিয়ান :............. দাগ নং :....................

(গ) ঠিকানা : উপজেলা :...........................জেলা :........................

গুদামের অবস্থান, ঠিকানা ও বিবরণ :

| ক্রম | অবস্থান | | | ঠিকানা | বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ নং গুদাম | মৌজা | খতিয়ান | দাগ | জেলা ও উপজেলা | দৈর্ঘ্য | প্রস্থ | উচ্চতা | ধারণ ক্ষমতা |
| ২ নং গুদাম | | | | | | | | |
| | | | | | | | | মোট |

বি.দ্র. যদি একই ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক একাধিক স্থানে অথবা একইস্থানে একাধিক ধান ছাঁটাই মিল স্থাপন করা হয়, তাহা হইলে এরূপ প্রত্যেকটি স্থাপনার জন্য পৃথক পৃথক লাইসেন্স গ্রহণ করিতে হইবে এবং ঐরূপ প্রত্যেকটি ধান ছাঁটাই মিলের পৃথক লাইসেন্সের অনুকূলে পৃথকভাবে রিটার্ন দাখিল করিতে হইবে। তবে একটি স্থানে ধান ছাঁটাই মিল স্থাপন করে একাধিক গুদামে খাদ্য শস্য সংরক্ষণ করিলে প্রতিটি গুদামের বিবরণসহ একটি পাক্ষিক রিটার্নে দাখিল করিতে হইবে। সেক্ষেত্রে একাধিক জেলায় গুদাম অবস্থিত হলে সংশ্লিষ্ট সকল জেলার কর্তৃপক্ষের নিকট পাক্ষিক রিটার্ন দাখিল করিতে হইবে।

৩। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রতি পক্ষকালের মধ্যে (প্রত্যেক মাসের ১ তারিখ হইতে ১৫ তারিখ এবং ১৬ তারিখ হইতে মাসের শেষ তারিখ পর্যন্ত) অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর আদেশের অনুচ্ছেদ ৪ (৩) অনুযায়ী সরকারের নিকট রিটার্ন (অনলাইন বা ম্যানুয়াল) দাখিল করিবেন।

৪। দাখিলকৃত কোনো প্রতিবেদনে লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান কোনো মিথ্যা তথ্য প্রদান করিলে তথ্য প্রদানকারী বা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি (যিনি উক্ত তথ্য প্রদানের জন্য দায়ী) আইনের ধারা ৯ এর অধীন দন্ডিত হইবেন।

৫। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান চাউল ছাঁটাইকরণের বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল আদেশ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৬। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান তাহার হিসাব ও রেজিস্টার সংরক্ষণের বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশাবলী মানিয়া চলিবেন এবং সরকার বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

৭। সরকার কর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি চাউল কল, গুদামের মজুত পরিদর্শন এবং মজুতকৃত খাদ্যপণ্যের গুণগতমান পরীক্ষার উদ্দেশ্যে নমুনা সংগ্রহে লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি পরিদর্শনকারীকে সকল প্রকার তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবে।

৮। এই লাইসেন্স.................. তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে উক্তরূপ লাইসেন্স নবায়নের আবেদন করিতে হইবে।

৯। লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ১৯৫৬ সালের Control of Essential Commodities Act এর বিধান, অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর কোনো শর্ত পালনে ব্যর্থ বা অপারগ হইলে আদেশের ৮ অনুচ্ছেদ মোতাবেক লাইসেন্স বাতিল হইবে এবং আইন এর অধীন দণ্ডিত হইবেন।

হাস্কিংমিলের বিবরণ (নিম্নোক্ত ছক অনুসারে) :

| যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | একক ক্ষমতা |
|---|---|---|
| চিমনির উচ্চতা | | |
| রাবার শেলার/রাবার রোলার/এঙ্গেলবার | | |
| চাতালের পরিমাণ | | |
| চাতালের ধারণ ক্ষমতা | | |
| মোটর সংখ্যা ও ক্ষমতা | | |

**সরকারের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার**

**(স্বাক্ষর ও সীল)**

## ঘোষণা

এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি/আমরা এই আবেদনে উল্লিখিত চাউল কলের মালিক। আমি/আমরা অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং তফসিল-৬ এ বর্ণিত চাউল কল লাইসেন্সের শর্তাদি পাঠ করিয়াছি এবং উহার সকল শর্তাবলি মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি। প্রদত্ত সকল তথ্য সত্য ও নির্ভুল।

**তারিখ :** **আবেদনকারী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ প্রতিষ্ঠানের পক্ষে (যথাযথ কর্তৃপক্ষের নাম ও স্বাক্ষর):**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাদ্য মন্ত্রণালয়**

**তফসিল-৭**

**(অনুচ্ছেদ ৪(২) দ্রষ্টব্য)**

**গম পেষণ কলের (মেজর/কম্পেক্ট/রোলার) লাইসেন্স ফরম**

লাইসেন্স নং :

তারিখ :

**অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর বিধানসমূহ এবং এই লাইসেন্সের শর্তাবলি সাপেক্ষে**

জনাব/মেসার্স :

পিতা/স্বত্বাধিকারীর নাম:

গ্রাম :

ডাকঘর :

থানা :

জেলা :

জাতীয় পরিচয়পত্র নম্বর/কোম্পানির নিবন্ধন নম্বর : ..................কে নিম্নে উল্লিখিত শর্তাধীনে গম পেষণ কল স্থাপন ও পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করা হইল।

২। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নিম্নলিখিত স্থানে গম পেষণ এবং গম ও আটা সংরক্ষণ করিবেন।

মিলের ঠিকানা :

(ক) মিলের নাম :

(খ) জমির পরিমাণ:

অবস্থান : মৌজা :.......................খতিয়ান :................... দাগ নং :................

(গ) ঠিকানা : উপজেলা :..............................জেলা :.....................................

গুদামের অবস্থান, ঠিকানা ও বিবরণ :

| ক্রম | অবস্থান | | | ঠিকানা | বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ নং গুদাম | মৌজা | খতিয়ান | দাগ | জেলা ও উপজেলা | দৈর্ঘ্য | প্রস্থ | উচ্চতা | ধারণ ক্ষমতা |
| ২ নং গুদাম | | | | | | | | |
| | | | | | | | | মোট; |

বি.দ্র. যদি একই ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক একাধিক স্থানে অথবা একই স্থানে একাধিক গম পেষণ মিল স্থাপন করা হয়, তাহা হইলে এরূপ প্রত্যেকটি মিলের জন্য পৃথক পৃথক লাইসেন্স গ্রহণ করিতে হইবে এবং ঐরূপ প্রত্যেকটি গম পেষণ কলের পৃথক লাইসেন্সের অনুকূলে পৃথকভাবে রিটার্ন দাখিল করিতে হইবে। তবে একটি স্থানে গম পেষণ কল স্থাপন করে একাধিক গুদামে সংরক্ষণ করিলে প্রতিটি গুদামের বিবরণসহ একটি পাক্ষিক রিটার্নে দাখিল করিতে হইবে। সেক্ষেত্রে একাধিক জেলায় গুদাম অবস্থিত হলে সংশ্লিষ্ট সকল জেলার কর্তৃপক্ষের নিকট পাক্ষিক রিটার্ন দাখিল করিতে হইবে।

৩। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রতিপক্ষকালের মধ্যে (প্রত্যেক মাসের ১ তারিখ হইতে ১৫ তারিখ এবং ১৬ তারিখ হইতে মাসের শেষ তারিখ পর্যন্ত) অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্হাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর আদেশের অনুচ্ছেদ ৪ (৩) অনুযায়ী সরকারের নিকট রিটার্ন (অনলাইন বা ম্যানুয়াল) দাখিল করিবেন।

৪। দাখিলকৃত প্রতিবেদনে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান কোনো মিথ্যা তথ্য প্রদান করিলে তথ্য প্রদানকারী বা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা পরিচালনার জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি যিনি/যাহারা উক্ত তথ্য প্রদানের জন্য দায়ী আইনের ধারা ৯ এর অধীন দণ্ডিত হইবেন।

৫। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান গম পেষণকরণের বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল আদেশ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৬। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান তাহার হিসাব ও রেজিস্টার সংরক্ষণের বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশাবলী মানিয়া চলিবেন এবং সরকার বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

৭। সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি গম পেষণ কল, গুদামের মজুত পরিদর্শন এবং মজুতকৃত খাদ্যপণ্যের গুণগতমান পরীক্ষার উদ্দেশ্যে নমুনা সংগ্রহে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি পরিদর্শনকারীকে সকল প্রকার তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবে।

৮। এই লাইসেন্স.................. তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে উক্তরূপ লাইসেন্স নবায়নের আবেদন করিতে হইবে।

৯। লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ১৯৫৬ সালের Control of Essential Commodities Act এর বিধান, অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর কোনো শর্ত পালনে ব্যর্থ বা অপারগ হইলে আদেশের ৮ অনুচ্ছেদ মোতাবেক লাইসেন্স বাতিল হইবে এবং আইন এর অধীন দণ্ডিত হইবেন।

**গম পেষণ কলের সংক্ষিপ্ত বিবরণ**

| যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | ক্যাপাসিটি | অশ্ব ক্ষমতা |
|---|---|---|---|
| রিসিভিং, ইনটেক ও প্রাইমারি ক্লিনিং সেকশন | | | |
| প্রিমিলিং রিক্লিনিং সেকশন | | | |
| মিলিং সেকশন | | | |
| প্যাকিং সেকশন | | | |
| অন্যান্য গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি (যদি থাকে) | | | |
| ০২ (দুই) কেজির প্যাকেট আটা করা স্ট্যান্ডার্ড ইউনিট আছে কি না : | | | |
| দৈনিক উৎপাদন ক্ষমতা : | | | |

**সরকারের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার**

**(স্বাক্ষর ও সীল)**

## ঘোষণা

এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি/আমরা এই আবেদনে উল্লিখিত গম পেষণ কলের মালিক। আমি/আমরা অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং তফসিল ৭ এ বর্ণিত লাইসেন্সের শর্তাদি পাঠ করিয়াছি এবং উহার সকল শর্তাবলি মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি। প্রদত্ত সকল তথ্য সত্য ও নির্ভুল।

**তারিখ :** **আবেদনকারী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/প্রতিষ্ঠনের পক্ষে (যথাযথ কর্তৃপক্ষের নাম ও স্বাক্ষর):**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাদ্য মন্ত্রণালয়**

**তফসিল-৮**

**[অনুচ্ছেদ ৪(২) দ্রষ্টব্য]**

**অত্যাবশ্যকীয় খাদ্যশস্য ক্রয়-বিক্রয় ও গুদামজাতকরণের লাইসেন্স ফরম**

লাইসেন্স নং :

তারিখ :

**অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর বিধানসমূহ এবং এই লাইসেন্সের শর্তাবলি সাপেক্ষে**

জনাব/মেসার্স :

পিতা/স্বত্বাধিকারীর নাম:

গ্রাম/মহল্লা/হোল্ডিং :

ডাকঘর :

থানা :

জেলা :

জাতীয় পরিচয়পত্র নম্বর :..................... ও ট্রেড লাইসেন্স নম্বর : ..................কে নিম্নে উল্লিখিত শর্তাধীনে অত্যাবশ্যকীয় খাদ্যশস্য ক্রয়-বিক্রয় ও গুদামজাত করার লাইসেন্স প্রদান করা হইল।

**<u>শর্তাবলী</u>**

২। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নিম্নলিখিত স্থানে অত্যাবশ্যকীয় খাদ্যশস্য ক্রয়-বিক্রয় ও সংরক্ষণ করিবেন।

ব্যবসা পরিচালনার বিক্রয়কেন্দ্র/মিলের ঠিকানা :

(ক) মিলের নাম :

(খ) **জমির পরিমাণ:**

অবস্থান: মৌজা:........................ খতিয়ান:........................ দাগ নং:......................

(গ) ঠিকানা : উপজেলা :......................... জেলা :.................................

গুদামের অবস্থান, ঠিকানা ও বিবরণ :

| ক্রম | অবস্থান | | | ঠিকানা | বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ নং গুদাম | মৌজা | খতিয়ান | দাগ | জেলা ও উপজেলা | দৈর্ঘ্য | প্রস্থ | উচ্চতা | ধারণ ক্ষমতা |
| ২ নং গুদাম | | | | | | | | |
| | | | | | | | | মোট: |

বিঃদ্রঃ যদি একই ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক একাধিক স্থান অথবা একই স্থানে একাধিক ব্যবসা পরিচালনা করা হয়, তাহা হইলে এরূপ প্রত্যেকটি ব্যবসার জন্য পৃথক পৃথক লাইসেন্স গ্রহণ করিতে হইবে এবং ঐরূপ প্রত্যেকটি ব্যবসার পৃথক লাইসেন্সের অনুকূলে পৃথকভাবে রিটার্ণ দাখিল করিতে হইবে। তবে একটি স্থানে ব্যবসা পরিচালনা করে একাধিক গুদামে খাদ্যশস্য সংরক্ষণ করিলে প্রতিটি গুদামের বিবরণসহ একটি পাক্ষিক রিটার্ণ দাখিল করিতে হইবে। সেক্ষেত্রে একাধিক জেলায় গুদাম অবস্থিত হলে সংশ্লিষ্ট সকল জেলার কর্তৃপক্ষের নিকট পাক্ষিক রিটার্ণ দাখিল করিতে হইবে।

৩। অত্র লাইসেন্সের শর্তাধীনে আমদানিকারক/পাইকারি/খুচরা ব্যবসায়ী বা চাউল/গম পেষণ কলের মালিক সংশ্লিষ্ট এস,আর,ও,-তে নির্ধারিত ধান/চাউল/গম/আটা.........পরিমাণ ও ......মেয়াদকালের অধিক ও অধিক মেয়াদকালে খাদ্যশস্য সংরক্ষণ করিতে পারিবেন না।

৪। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর বিধি-বিধান মেনে খাদ্যশস্য সংরক্ষণ করিবেন।

৫। অত্র লাইসেন্সের অধীনে ব্যবসা পরিচালনায় কোনোরূপ ভেজাল মিশ্রণ কিংবা খাদ্যশস্যের মান বিনষ্ট বা অবনমন হয় এরূপ যে কোনো কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন না।

৬। প্রত্যেক লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ধান, চাউল, গম ও আটা ক্রয়-বিক্রয়, মজুত, সংগ্রহ, ছাঁটাই, বিলি বন্টন সম্পর্কে প্রতি ১৫ (পনেরো) দিন অন্তর একটি প্রতিবেদন (পাক্ষিক রিটার্ণ) তফসিল-৯ এর ক, খ ও গ এ বর্ণিত ফরম অনুযায়ী সরকারের নিকট দাখিল করিবেন।

৭। সরকার কর্তৃক বিশেষভাবে অব্যাহতিপ্রাপ্ত না হইলে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজ নাম, ঠিকানা ও লাইসেন্স নম্বর, লেনদেনের তারিখ, বিক্রিত খাদ্যশস্য/খাদ্যসামগ্রী, পরিমাণ (মে.টন/কুইন্টাল/কেজি) এবং দাবীকৃত মোট টাকা উল্লেখ করিয়া প্রত্যেক ক্রেতাকে অবস্থামত নির্ভুল রশিদ বা চালান প্রদান করিবেন এবং উহার দ্বিতীয় কপি নিজের কাছে রাখিবেন, যাহা সরকারের নিকট হইতে পরিদর্শনের জন্য ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী/কর্তৃপক্ষকে চাহিবামাত্র তাহাকে দেখাইতে বাধ্য থাকিবেন।

দাখিলকৃত কোনো প্রতিবেদন বা বিবরণীতে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কোনো মিথ্যা তথ্য প্রদান করিলে তিনি/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণ/পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি (যিনি উক্তরূপ মিথ্যা তথ্য প্রদানের জন্য দায়ী তিনি) আইনের ধারা-৯ এর অধীন দণ্ডিত হইবেন।

৮। কী পদ্ধতিতে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান তাহার হিসাব ও রেজিষ্টার সংরক্ষণ করিবেন তৎসম্পর্কে সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশাবলী লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান মানিয়া চলিবেন। মজুতকৃত ধান-চালের পর্যবেক্ষণ ও নমুনা সংগ্রহসহ যুক্তিসংগত সকল পরিদর্শনের জন্য সরকারের ক্ষমতাপ্রাপ্ত বা দায়িত্বপ্রাপ্ত সংস্থা/কর্তৃপক্ষ/কর্মচারীকে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান সব রকমের তথ্য প্রদানসহ সাহায্য ও সুবিধাদি প্রদান করিবেন।

৯। লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ১৯৫৬ সালের Control of Essential Commodities Act এর বিধান, অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও-নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর কোনো শর্ত পালনে ব্যর্থ বা অপারগ হইলে আদেশের ৮ অনুচ্ছেদ মোতাবেক লাইসেন্স বাতিল হইবে এবং আইন এর অধীন দণ্ডিত হইবেন।

১০। যদি লাইসেন্স বাতিল করা হয়, তাহা হইলে লাইসেন্স বাতিল সংক্রান্ত আদেশ জারীর ৭ (সাত) কর্মদিবসের মধ্যে যে কর্তৃপক্ষ উহা প্রদান করিয়াছিলেন তাহার নিকট উহা জমা দিতে হইবে।

১১। লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে (পরবর্তী বছরের জন্য) উক্তরূপ লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে অনলাইন/ম্যানুয়াল) নবায়নের জন্য আবেদন করিতে হইবে। নবায়নের জন্য আবেদনের সঙ্গে মূল (Original) লাইসেন্স দাখিল করিতে হইবে।

১২। হারানো কিংবা দূর্ঘটনাজনিত কারণে লাইসেন্সের মূল কপি বিনষ্ট হইলে ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ও নিকটস্থ থানায় অবহিত করিতে হইবে।

১৩। এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে।

১৪। এই লাইসেন্সের মেয়াদ.................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে

**সরকারের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার**

**(স্বাক্ষর ও সীল)**

## ঘোষণা

এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি/আমরা এই আবেদনে উল্লিখিত ........... মালিক। আমি/আমরা অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং তফসিল ৮ এ বর্ণিত লাইসেন্সের শর্তাদি পাঠ করিয়াছি এবং উহার সকল শর্তাবলি মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি। প্রদত্ত সকল তথ্য সত্য ও নির্ভুল।

**তারিখ :** **আবেদনকারী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ প্রতিষ্ঠানের পক্ষে (যথাযথ কর্তৃপক্ষের নাম ও স্বাক্ষর):**

| কলামে প্রদত্ত পক্ষের পূর্ববর্তী পক্ষ শেষে সমাপ্তি মজুতের পরিমাণ | | পূর্ববর্তী পক্ষ শেষে সমাপ্তি মজুতের পরিমাণ | | | | | | | পরিমাণ | মাধ্যমে প্রাপ্ত ফলিত চালের পরিমাণ | | | | | মজুতের পরিমাণ | | বর্তমান পাক্ষিক সমাপ্তি মজুতের পার্থক্য | | মজুত | | উদ্ভূত হওয়ার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক্রয়কৃত | | ক্রয়বিহীন | | | | | | | | | | | | | | |
| ধান | চাল | ধান | চাল | | ধান | চাল | ধান | চাল | | | ধান | চাল | ধান | চাল | ধান | চাল | ধান | চাল | ধান | চাল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ (৩+৬+৮)-১০ | ১৩ (৪+৭+৯ +১১) | ১৪ | ১৫ | ১৬ (১২-১৪) | ১৭ (১৩-১৫) | ১৮ (৩-১৬) | ১৯ (৪-১৭) | ২০ (১৮ ধনাত্বক হলে) | ২১ (১৯ ধনাত্বক হলে) | ২২ |

| প্রদত্ত পক্ষের পূর্ববর্তী পক্ষ শেষে সমাপ্তি মজুতের পরিমাণ | | শেষে সমাপ্তি মজুতের পরিমাণ | | | | | | | | প্রাপ্ত ফলিত চালের পরিমাণ | | | | | পরিমাণ | | সমাপ্তি মজুতের পার্থক্য | | | | হওয়ার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক্রয়কৃত | | ক্রয়বিহীন | | | | | | | | | | | | | | |
| ধান | চাল | ধান | চাল | | ধান | চাল | ধান | চাল | | | ধান | চাল | ধান | চাল | ধান | চাল | ধান | চাল | ধান | চাল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ (৩+৬+৮)-১০ | ১৩ (৪+৭+৯+১১) | ১৪ | ১৫ | ১৬ (১২-১৪) | ১৭ (১৩-১৫) | ১৮ (৩-১৬) | ১৯ (৪-১৭) | ২০ (১৮ ধনাত্মক হলে) | ২১ (১৯ ধনাত্মক হলে) | ২২ |

| প্রদত্ত পক্ষের পূর্ববর্তী পক্ষ শেষে সমাপ্তি মজুতের পরিমাণ | | শেষে সমাপ্তি মজুতের পরিমাণ | | | | | | | | প্রাপ্ত আটার পরিমাণ | | | | | | | পরিমাণের পার্থক্য | | | | হওয়ার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক্রয়কৃত | | ক্রয়বিহীন | | | | | | | | | | | | | | |
| গম | আটা | গম | আটা | | গম | আটা | গম | আটা | | | গম | আটা | গম | আটা | গম | আটা | গম | আটা | গম | আটা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ (৩+৬+৮)-১০ | ১৩ (৪+৭+৯ +১১) | ১৪ | ১৫ | ১৬ (১২-১৪) | ১৭ (১৩-১৫) | ১৮ (৩-১৬) | ১৯ (৪-১৭) | ২০ (১৮ ধনাত্মক হলে) | ২১ (১৯ ধনাত্মক হলে) | ২২ |

**ড. মোছাম্মৎ নাজমানারা খানুম**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd